

মিডিয়া রিলিজ

৪-জি সেবায় এগিয়ে থাকায় মুনাফা নিয়েই প্রথম প্রান্তিক শেষ করল রবি ২ শতাংশ ন্যূনতম কর্পোরেট করার কারণে মুনাফা কমে হয়েছে অর্ধেক

এক নজরে প্রথম প্রান্তিক ২০২২: (জানুয়ারি-মার্চ)

- সক্রিয় গ্রাহক সংখ্যা ৫ কোটি ৪১ লাখ
- ইন্টারনেট গ্রাহক সংখ্যা ৩ কোটি ৯৭ লাখ, যা রবির মোট গ্রাহকের ৭৩ দশমিক ৪ শতাংশ- এ খাতে সর্বোচ্চ
- মোট আয়ের পরিমাণ ২ হাজার ১৮ দশমিক ৯ কোটি টাকা
- ৪২.২ শতাংশ মার্জিনসহ সুদ, কর, ডেপ্রিসিয়েশন ও এমরটাইজেশন'র (ইবিআইটিডিএ) আগে আয়ের পরিমাণ ৮৫১ দশমিক ১ কোটি টাকা
- শেয়ার প্রতি আয় (ইপিএস) ০.০৮ টাকা
- মূলধনী বিনিয়োগ ১০৭.৩ কোটি টাকা
- কর পরবর্তী মুনাফা (পিএটি) ৩৯.৮ কোটি টাকা
- রাষ্ট্রীয় কোষাগারে জমা ৯৫৭.৯ কোটি টাকা, যা রবির ২০২২ সালের প্রথম প্রান্তিকে অর্জিত আয়ের ৪৭.৪ শতাংশ

ঢাকা, এপ্রিল ২৬, ২০২২: মোট গ্রাহকের ৪৫.৯ শতাংশ ফোরজি গ্রাহক নিয়ে ২০২২ সালের প্রথম প্রান্তিকে ফোরজি সেবায় নেতৃত্ব আরো সুসংহত করেছে রবি। চলতি বছরের প্রথম প্রান্তিকে রবির মোট গ্রাহকের ৭৩.৪ শতাংশ গ্রাহকই ছিলেন ইন্টারনেট ব্যবহারকারী যা এ খাতে সর্বোচ্চ। আজ ২০২২ সালের প্রথম প্রান্তিকের আর্থিক ফলাফল প্রকাশ করে এসব তথ্য জানিয়েছে অপারেটরটি।

রবি ১৪ হাজার ৮৯১টি ফোরজি সাইট দিয়ে দেশের ৯৮.২ শতাংশ জনগণের জন্য ৪-জি কভারেজ নিশ্চিত করেছে। চলতি বছরের প্রথম প্রান্তিকে রবির ডাটা ব্যবহারকারীরা গড়ে প্রতি মাসে ৪.৬জিবি ডাটা ব্যবহার করেছেন। গত বছরের একই প্রান্তিকের তুলনায় ২০২২ সালের প্রথম প্রান্তিকে প্রতি মাসে গ্রাহক প্রতি ডাটা ব্যবহারের পরিমাণ ৩৭.১ শতাংশ বেড়েছে।

২০২১ সালের শেষ প্রান্তিকের তুলনায় চলতি বছরের প্রথম প্রান্তিকে রবির গ্রাহক সংখ্যা দশমিক ৭ শতাংশ বেড়ে ৫ কোটি ৪১ লাখে পৌঁছেছে। এছাড়া গত বছরের একই প্রান্তিকের তুলনায় গ্রাহক সংখ্যা ৪.১ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

একইসাথে গত প্রান্তিকের তুলনায় ডাটা গ্রাহক সংখ্যা দশমিক ৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩ কোটি ৯৭ লাখে পৌঁছেছে এবং গত বছরের একই প্রান্তিকের তুলনায় ডাটা গ্রাহক সংখ্যা ৮.৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে। চলতি বছরের প্রথম প্রান্তিক শেষে রবির ৪-জি গ্রাহক সংখ্যা ২ কোটি ৪৮ লাখে পৌঁছেছে।

২০২২ সালের প্রথম প্রান্তিকে ২ হাজার ১৮ দশমিক ৯ কোটি টাকা আয় করেছে রবি। গত প্রান্তিকের তুলনায় কোম্পানির আয় ১.৩ শতাংশ হ্রাস পেলেও গত বছরের একই প্রান্তিকের তুলনায় রাজস্ব ১.৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। গত প্রান্তিকের তুলনায় ভেয়েস সেবায় রবির আয় ১.৬ শতাংশ হ্রাস পেয়েছে; তবে গত বছরের একই প্রান্তিকের তুলনায় এই খাতের আয় ৮.৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে ডাটা সেবায় গত প্রান্তিকের তুলনায় আয় বেড়েছে ১.৬ শতাংশ এবং গত বছরের একই প্রান্তিকের তুলনায় আয় কমেছে ৪.৬ শতাংশ।

৪২.২ শতাংশ মার্জিনসহ ইবিআইটিডিএ গত প্রান্তিকের তুলনায় ২০২২ সালের প্রথম প্রান্তিকে ৯ শতাংশ বেড়ে হয়েছে ৮৫১.১ কোটি টাকা। ২০২১ সালের একই প্রান্তিকের তুলনায় এটি ৪.৯ শতাংশ বেশি। ইবিআইটিডিএ মার্জিন গত প্রান্তিকের তুলনায় ৪ শতাংশ পয়েন্ট বৃদ্ধি পেয়েছে, আর গত বছরের একই প্রান্তিকের তুলনায় বৃদ্ধি পেয়েছে ১.২ শতাংশ পয়েন্ট।

৩৯.৮ কোটি টাকা কর পরবর্তী মুনাফা (পিএটি) নিয়ে চলতি বছরের প্রথম প্রান্তিক শেষ করেছে রবি। চলতি বছরের প্রথম প্রান্তিকে কোম্পানিটির শেয়ার প্রতি আয় (ইপিএস) ০.০৮ টাকা। তবে ২ শতাংশ ন্যূনতম করের বাধা না থাকলে পিএটির পরিমাণ ৮০.২ কোটি এবং ইপিএস দ্বিগুণ হয়ে ০.১৫ টাকা হতে পারতো।

চলতি বছরের প্রথম প্রান্তিকে রবি রাষ্ট্রীয় কোষাগারে জমা দিয়েছে ৯৫৭.৯ কোটি টাকা যা ওই প্রান্তিকের মোট আয়ের ৪৭.৪ শতাংশ। একই প্রান্তিকে কোম্পানিটির মূলধনী বিনিয়োগের পরিমাণ ১০৭.৩ কোটি টাকা।

কোম্পানির আর্থিক ফলাফল সম্পর্কে রবির অ্যাঙ্কিং সিইও অ্যান্ড সিএফও এম. রিয়াজ রশীদ বলেন, “যদিও আমরা আমাদের আর্থিক অগ্রগতি নিয়ে সন্তুষ্ট, তবে বর্তমান কর ব্যবস্থা আমাদের প্রবৃদ্ধিতে অব্যাহতভাবে বাধা হিসেবে কাজ করেছে। বিশেষ করে ২ শতাংশ ন্যূনতম কর্পোরেট করের প্রভাবে আমাদের চলতি বছরের প্রথম প্রান্তিকে পিএটি আক্ষরিক অর্থে অর্ধেক হয়ে গেছে। এই অন্যায্য করের কারণে আমাদের পিএটি ৮০.২ কোটি টাকার পরিবর্তে হয়েছে ৩৯ দশমিক ৮ কোটি টাকা। যদিও সম্প্রতি নিয়ন্ত্রক সংস্থা আয়োজিত সফল তরঙ্গ নিলামে একটি ব্যবসা-বান্ধব আবহের প্রতিফলন ঘটেছে। আমাদের প্রত্যাশা আসছে বাজেটে এই খাতের জন্য একটি যৌক্তিক কর কাঠামো প্রদানের মাধ্যমে এই ধারা অব্যাহত থাকবে।”

রবি সম্পর্কে:

রবি আজিয়াটা লিমিটেড (‘রবি’) একটি পাবলিক লিমিটেড কোম্পানি যেখানে এশিয়ার টেলিযোগাযোগ বাজারের অন্যতম কোম্পানি মালয়েশিয়াভিত্তিক আজিয়াটা গ্রুপ বারহাদের সিংহভাগ মালিকানা (৬১.৮২%) রয়েছে। এছাড়া রবিতে পাবলিক শেয়ারহোল্ডারদের (১০%) পাশাপাশি বিশ্ব টেলিযোগাযোগ বাজারের অন্যতম কোম্পানি ভারতী এয়ারটেলের (ভারত) শেয়ার রয়েছে ২৮.১৮%। রবি বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম মোবাইল ফোন অপারেটর। দেশের মানুষের জন্য প্রতিনিয়ত নতুন নতুন ডিজিটাল সেবা আনছে কোম্পানিটি। দেশের প্রতিটি প্রান্তে উদ্ভাবনী সেবা পৌঁছে দেয়ার উদ্দেশ্যে রবি অব্যাহত বিনিয়োগের মাধ্যমে শক্তিশালী টেলিযোগাযোগ অবকাঠামো গড়ে তুলেছে। দেশজুড়ে থাকা এ অবকাঠামো ডিজিটাল পণ্য ও সেবা সরবরাহের পাশাপাশি ক্রমবর্ধমান ডিজিটাল প্রতিবেশ গড়ে তুলতে মুখ্য ভূমিকা পালন করেছে। শহর কিংবা গ্রাম যেখানেই হোক রবির হাত ধরে ডিজিটাল বাংলাদেশের পথে হাটছে দেশবাসী।

মিডিয়া, কমিউনিকেশনস অ্যান্ড সাস্টেইনেবিলিটি, রবি আজিয়াটা লিমিটেড কর্তৃক ইস্যুকৃত

যোগাযোগ

রবি আজিয়াটা থেকে:
মো. আশরাফুল ইসলাম
ashraf.4724@robi.com.bd
মোবাইল: ০১৮৩৩১৮২৫৪৪

ইমপ্যাক্ট পিআর থেকে:
তারেক মোরতাজা
সিনিয়র কনসালটেন্ট
মোবাইল: ০১৮৪১০৫০৫৫৫